



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576


বামাশিবো/কারিকুলাম/২৪৮/৩

তারিখ: ২২/০৫/২০১৭

বিষয়ঃ ২০১৮ সালের দাখিল পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহের পরীক্ষা ধারাবাহিক মূল্যায়নের পরিবর্তে পূর্বের নিয়মে (২০১৭ সালের দাখিল পরীক্ষার ন্যায়) পরীক্ষা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২২/০৩/২০১৭ খ্রিঃ তারিখের NCCC সভার সিদ্ধান্ত মোতাবেক এবং NCTB-র পত্রের আলোকে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ প্রতিষ্ঠানে ধারাবাহিক মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মাদরাসা বোর্ডের ওয়েব সাইটে তা প্রকাশ করা হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে নানামুখী সমস্যার সম্মুখীন হতে হয়। তাই ২০১৮ সালে দাখিল পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ পূর্বের ন্যায় অর্থাৎ ২০১৭ সালের দাখিল পরীক্ষার ন্যায় গ্রহণ করার জন্য ২২/০৫/২০১৭ তারিখের একাডেমিক কমিটি ও ২৫/০৫/২০১৭ তারিখে বোর্ড সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সিদ্ধান্ত মোতাবেক ২০১৮ সালের দাখিল পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ বোর্ডের প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত হবে।

বিষয়টি অতীব জরুরী।



(প্রফেসর এ, কে, এম, হায়েফ উল্যা)
চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদরাসা প্রধান।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২। সদস্য, কারিকুলাম, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৩। অফিস কপি।